

RBI/2015-16/391

FIDD.No.FSD.BC.24/05.05.014/2015-16

মে 5, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্য নির্বাহী আধিকারিক
[সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক, (আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ব্যতীত)]

মহাশয়া/ মাননীয় মহাশয়,

বিশেষ কৃষি ঋণ পরিকল্পনা (এসএসপি)-র উপর বিবৃতি প্রদান ব্যবস্থার অবসান ঘটানো

কৃষিক্ষেত্রে ঋণপ্রবাহের উপর নজর রাখা এবং তার মাত্রা সংযোজনপূর্বক অধিক ব্যাপকতর করার উদ্দেশ্যে, 1994 সালে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কে বিশেষ কৃষি ঋণ পরিকল্পনা (এসএসপি)-র সূচনা করা হয় এবং 2004 সালে এটির আওতায় বেসরকারি ব্যাঙ্ক(প্রাইভেট সেক্টর ব্যাঙ্ক)-কেও আনা হয়। এসএসপি-র অধীনে, ব্যাঙ্কগুলিকে বছরকালীন মেয়াদে(এপ্রিল-মার্চ) লক্ষ্যপূরণের মাত্রা স্ব-নির্ধারণ করতে হয়, যা আগের বছরের ঋণপ্রদানের পরিমাণ থেকে 25%-এর মত বেশী হবো ব্যাঙ্কগুলিকে তাদের পরিকল্পনা রূপায়নের অগ্রগতির মাত্রা জানিয়ে প্রতি বছর মার্চ এবং সেপ্টেম্বরের শেষে আরবিআই(এফআইডিডি)-র কাছে ষাণ্মাষিক বিবৃতি প্রেরণ করতে হত।

2. যেহেতু আমরা অগ্রাধিকার ক্ষেত্রে রিটার্ন (প্রায়োরিটি সেক্টর রিটার্ন)-এর মধ্য দিয়েই প্রাসঙ্গিক ডেটা পেয়ে যাচ্ছি, এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে এপ্রিল 2016 থেকে উপরোক্ত বিবৃতি প্রদান ব্যবস্থার অবসান করা হবো। তদনুসারে, ব্যাঙ্কসমূহকে 2016-17 বর্ষের জন্য উপরোক্ত ষাণ্মাষিক বিবৃতিটি এফআইডিডি, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কাছে পেশ না করতে বলা হচ্ছে। যদিও, মার্চ 2016-তে শেষ হওয়া ষাণ্মাষিক মেয়াদের জন্য ব্যাঙ্কের কাছে ঋণ প্রদান বিবৃতি (ক্রেডিট ডিসবার্সমেন্ট স্টেটমেন্ট) প্রেরণ করতে হবো।

3. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করুন।

আপনাদিগের বিশ্বস্ত

সাক্ষরিত/-

(জোশ জে. কাটুর)

মুখ্য মহা প্রবন্ধক